# জাতিসংঘের অঙ্গ সংগঠন সমূহ

জাতিসংঘের প্রধান অঙ্গ সংগঠন ৬টি । এগুলো হলো-

- ❖ সাধারণ পরিষদ (The General Assembly)
- ❖ নিরাপত্তা পরিষদ (The Security Council)
- ❖ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (The Economic and Social Council)
- ❖ অছি পরিষদ (The trusteeship Council)
- ❖ আন্তর্জাতিক আদালত (The International Court of Justice)
- ❖ সচিবালয় (The Secretariat)

**সাধারণ পরিষদ**

- ❖ সকল সদস্য রাষ্ট্রসমূহকে নিয়ে সাধারণ পরিষদ গঠিত।
- ❖ ১০ জানুয়ারি, ১৯৪৬ সাধারণ পরিষদের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় লন্ডনে।
- ❖ জাতিসংঘ সনদের ২০ নং অনুচ্ছেদ অনুযায়ী প্রতি বছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবারে সাধারণ সভার বার্ষিক অধিবেশন শুরু হয়।
- ❖ সাধারণ পরিষদের সভায় প্রতিটি সদস্য রাষ্ট্রের জন্য একটি করে ভোট রয়েছে।
- ❖ সাধারণ পরিষদের প্রথম অধিবেশন উদ্বোধন করেন তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী ক্লিমেন্ট এটলি।
- ❖ সাধারণ পরিষদের সভাপতির পদটি আফ্রিকা, এশিয়া, পূর্ব ইউরোপ, ল্যাটিন আমেরিকা এবং পশ্চিম ইউরোপ ও অন্যান্য অঞ্চলসমূহ হতে নির্বাচিত হয় ।
- ❖ সাধারণ পরিষদের বর্তমান সভাপতি- ভলকান বোজকার (তুরস্ক)।
- ❖ সাধারণ পরিষদের ৭৪ তম সভা ভার্চুয়াল পদ্ধতিতে ২২ সেপ্টেম্বর, ২০২০ থেকে অনুষ্ঠিত হয়। এ অনুষ্ঠানে বিশ্ব নেতাদের আগে থেকে রেকর্ড করা ভাষণ প্রচার করা হয়।



জাতিসংঘ সাধারণ পরিষদের একটি অধিবেশন (ছবিঃ জাতিসংঘ)

## নিরাপত্তা পরিষদ

- ❖ নিরাপত্তা পরিষদের প্রতিষ্ঠাকালীন সদস্য সংখ্যা - ১১টি।
- ❖ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য - ৫টি দেশ। এরা হল- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য রাশিয়া, চীন এবং ফ্রান্স।
- ❖ ১৯৬৩ সালে জাতিসংঘ সনদের ২৩ ধারা সংশোধনের মাধ্যমে অস্থায়ী সদস্য ৬ থেকে ১০ এ উন্নীত করা হয়।
- ❖ বর্তমানে নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যাঃ ১৫টি। (৫টি স্থায়ী এবং ৬ টি অস্থায়ী)
- ❖ অস্থায়ী সদস্য দেশগুলোর আঞ্চলিক বন্টন-
    - এশিয়ার দেশসমূহ থেকে- ২টি দেশ।
    - ল্যাটিন আমেরিকার দেশ সমূহ থেকে- ২টি দেশ।
    - পূর্ব ইউরোপীয় দেশসমূহ থেকে- ১টি দেশ।
    - পশ্চিম ইউরোপীয় এবং অন্যান্য দেশসমূহ থেকে- ২টি দেশ।
    - আফ্রিকার দেশসমূহ থেকে- ৩টি দেশ।
- ❖ নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য গুলো সাধারণ পরিষদ কর্তৃক দুই বছর মেয়াদে নির্বাচিত হয়ে থাকে।
- ❖ নিরাপত্তা পরিষদের সভাপতি নির্বাচিত হয় এক মাসের জন্য।
- ❖ নিরাপত্তা পরিষদের পাঁচটি স্থায়ী সদস্যদেশের ভেটো প্রদানের ক্ষমতা রয়েছে। ১৯৪৫ সালের ইয়াল্টা সম্মেলনে এ ভেটো ক্ষমতা প্রদান করা হয়।

❖ নিরাপত্তা পরিষদের যেকোনো সিদ্ধান্ত গ্রহণের জন্য পাঁচটি স্থায়ী সদস্য রাষ্ট্রসহ অস্থায়ী আরও চারটি সদস্য রাষ্ট্রের সম্মতি প্রয়োজন।
❖ জাতিসংঘের সদর দপ্তর ছাড়া নিরাপত্তা পরিষদের অধিবেশন অনুষ্ঠিত হয়েছিল দুই জায়গায়- ১৯৭২ ইথিওপিয়ার আদ্দিস আবাবায় এবং ১৯৭৩ সালে পানামা সিটিতে।
❖ নিরাপত্তা পরিষদের সুপারিশ ব্যতীত সাধারণ পরিষদ কোন সদস্যকে বহিষ্কার কিংবা নতুন কোনো সদস্য গ্রহণ করতে পারে না।
❖ আন্তর্জাতিক যেকোনো সমস্যা মোকাবেলায় নিরাপত্তা পরিষদের সদস্যদের সম্মতিক্রমে বলপ্রয়োগের সিদ্ধান্ত নেয়া যায়।



জাতিসংঘ নিরাপত্তা পরিষদের অধিবেশন কক্ষ (ছবিঃ জাতিসংঘ)

অর্থনৈতিক ও সামাজিক পরিষদ

❖ বর্তমান সদস্য- ৫৪টি দেশ।
❖ প্রতিষ্ঠাকালীন সদস্য- ১৮টি দেশ।
❖ সদর দপ্তর - United Nations Conference Building ।
❖ বর্তমান সভাপতি- মুনির আকরাম (পাকিস্তান)।
❖ অর্থনৈতিক ও সামাজিক পরিষদের অধিবেশন বছরে দুইবার বসে। একবার নিউইয়র্কে এবং অন্যবার জেনেভাতে এ অধিবেশন বসে।
❖ অর্থনৈতিক ও সামাজিক পরিষদের অধীনে পাঁচটি আঞ্চলিক কমিশন রয়েছে। এগুলো হলো-
   ➢ ESCAP- Economic and Social Council for Asia and the Pacific
      - সদর দপ্তরঃ ব্যাংকক, থাইল্যান্ড ।
      - সদস্য সংখ্যাঃ ৫৩ ।
      - প্রতিষ্ঠাকালঃ ২৮মার্চ, ১৯৪৭।

- ECA- Economic Commission for Africa
  - সদর দপ্তর - আদ্দিস আবাবা, ইথিওপিয়া।
  - সদস্য- ৫৪।
  - প্রতিষ্ঠাকাল - ১৯৫৮।
- ECE- Economic Commission for Europe
  - সদর দপ্তর - জেনেভা, সুইজারল্যান্ড।
  - সদস্য সংখ্যা - ৫৬।
  - প্রতিষ্ঠাকাল - ২৮মার্চ, ১৯৪৭।
- ECLAC- Economic Commission for Latin America
  - সদর দপ্তর - সান্টিয়াগো, চিলি।
  - সদস্য সংখ্যা - ৪৬।
  - প্রতিষ্ঠাকাল- ২৫ ফেব্রুয়ারি, ১৯৪৮।
- ESCWA- Economic Commission for Western Asia
  - সদর দপ্তর- বৈরুত, লেবানন।
  - সদস্য সংখ্যা - ১৮।
  - প্রতিষ্ঠাকাল - ৯ আগস্ট, ১৯৭৩।

**আন্তর্জাতিক আদালত**

- প্রতিষ্ঠাকালঃ ২৪ অক্টোবর, ১৯৪৫।
- কার্যক্রম শুরুঃ ১৮ এপ্রিল, ১৯৪৬ সালে।
- প্রধান কার্যালয়ঃ দ্য হেগ, নেদারল্যান্ড।
- বর্তমান প্রেসিডেন্টঃ আবদুল কাজী আহমেদ ইউসুফ [Abdulqawi Ahmed Yusuf] । তিনি সোমালিয়ার অধিবাসী।
- আন্তর্জাতিক আদালত স্থায়ী সালিশি আদালত নামে পরিচিত।
- আন্তর্জাতিক আদালতের প্রথম মহিলা বিচারপতিঃ রোজানিল হিগিন্স (ব্রিটেন) ।
- আন্তর্জাতিক আদালতের বিচারকের সংখ্যা ১৫ জন। একজন বিচারক ৯ বছরের জন্য নির্বাচিত হন।
- সদর দপ্তরের নামঃ Peace Palace।
- ১৭ জুলাই, ১৯৯৮ সালে আন্তর্জাতিক অপরাধ আদালত (International Criminal Court) গঠিত হয়। ২০০২ সালের ১ জুলাই এটি কার্যকর হয়।

- ❖ আন্তর্জাতিক অপরাধ আদালতে গণহত্যা, মানবতাবিরোধী অপরাধ, যুদ্ধাপরাধ ও আগ্রাসন অপরাধের বিচার করা হয়।
- ❖ ICC এর বর্তমান প্রেসিডেন্ট চাইলি ইবো ওসুজি (Chile Eboe Osuji) । তিনি নাইজেরিয়ার নাগরিক।
- ❖ আন্তর্জাতিক অপরাধ আদালতের মোট সদস্য দেশ ১২৩ টি।

## অছি পরিষদ

নিরাপত্তা পরিষদের পাঁচ স্থায়ী সদস্য রাষ্ট্রকে নিয়ে অছি পরিষদ গঠিত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর অধিভুক্ত অঞ্চলসমূহকে নিয়ে জাতিসংঘের অধীনে অছি পরিষদ গঠন করা হয় । অধিভুক্ত অঞ্চলসমূহ মূলত জাতিপুঞ্জের ম্যান্ডেট অনুযায়ী অথবা দ্বিতীয় বিশ্বযুদ্ধে পরাজিত শক্তির অধিকৃত অঞ্চল নিয়ে গঠিত। বর্তমানে যুক্তরাষ্ট্রের প্যাসিফিক আইল্যান্ডই একমাত্র অছি অঞ্চল রয়েছে। ১৯৯৪ সাল থেকে অছি পরিষদের কার্যক্রম স্থগিত রয়েছে। তবে প্রয়োজনে অছি পরিষদের অধিবেশন হতে পারে।

## জাতিসংঘের সচিবালয়

- ❖ সদর দপ্তরঃ নিউইয়র্ক, যুক্তরাষ্ট্র।
- ❖ জাতিসংঘের সচিবালয় সকল কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দু।
- ❖ জাতিসংঘ সচিবালয়ে একজন মহাসচিব, একজন উপমহাসচিব, ১২ জন অধস্তন সচিব এবং ১২ জনের অধিক সহকারি সচিব রয়েছে। এছাড়া প্রায় ২৯ হাজার কর্মকর্তা-কর্মচারী রয়েছে। এদের মধ্যে প্রায় ২২হাজার জনই সদরদপ্তরের বাইরে বিভিন্ন দেশে রয়েছেন।
- ❖ জাতিসংঘের সচিবালয় এর দপ্তর সংখ্যা ৮টি।
- ❖ জাতিসংঘের বর্তমান মহাসচিবঃ আন্তোনিও গুতেরেস (৯ম) ।
- ❖ ১৯৯৮ সালের ১২ জানুয়ারি প্রথম উপমহাসচিব হিসেবে নিযুক্ত হন লুই ফ্রেসেট (কানাডা)।
- ❖ জাতিসংঘের বর্তমান মহাসচিবঃ আমিনা মোহাম্মদ (নাইজেরিয়া) ।
- ❖ জাতিসংঘের সচিবালয় এর কার্যক্রম সমূহ-
    - ▪ বিভিন্ন সংস্থার অধিবেশনের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রশাসনিক ও প্রায়োগিক সহায়তা প্রদান।